



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/আরএমডি-৩০/বোর্ড/২০১৯-২০২০/২১৯০ (১২৫০)

তারিখঃ ১৯-০২-২০২০

- ১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৩। উপ-মহাব্যবস্থাপক, কপের্গেট শাখাসমূহ
- ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মানিলভারিং ও সন্ধানী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ
সম্বলিত ষাণ্মাসিক (জানুয়ারী-জুন, ২০১৯) প্রতিবেদন সম্পর্কে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৫-০৩-২০১৯, ০৭-০৫-২০১৯, ১২-০৫-২০১৯ ও ২০-১১-১৯ তারিখের যথাক্রমে পত্র নং -১৯৯১, ২৩৮৯ ও ২৪২২, ১২৩৫- এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পরিচালনা পর্ষদের ৭৪০তম সভায় বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট ইউনিট (বিএফআইইউ), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিএফআইইউ সার্কুলার নং-১৯ তারিখ ১৭-০৯-২০১৭ (যা ০৩-১০-২০১৭ তারিখের ৪৪০(১২৫০) নং পত্রের মাধ্যমে জারী করা হয়েছে) এর নির্দেশনার প্রেক্ষিতে মানিলভারিং ও সন্ধানী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত ষাণ্মাসিক (জানুয়ারী-জুন/২০১৯) প্রতিবেদন ব্যাংকের প্রধান নির্বাহীর মতামতসহ পরিচালনা পর্ষদকে অবহিতকরণের জন্য উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ নিম্নবর্ণিত সদয় নির্দেশনা প্রদান করেন -

“ক” যে সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেবিলে BAMLCO এর ফলক ধাকার বিষয়ে আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে প্রত্যয়ন পত্র প্রেরণ করা হয়নি তাদেরকে পুনরায় তাগিদপত্র প্রেরণ ও নিবিড় তদারকির মাধ্যমে প্রত্যয়নপত্র প্রাপ্তি নিশ্চিত করতে হবে;

খ) মানিলভারিং ও সন্ধানী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ১৩(তের)টি ফাইল সংরক্ষণ এর বিষয়ে যে সকল শাখা হতে প্রত্যয়ন পত্র পাওয়া যায়নি তাদেরকে পুনরায় তাগিদপত্র প্রেরণ ও নিবিড় তদারকির মাধ্যমে প্রত্যয়নপত্র প্রাপ্তি নিশ্চিত করতে হবে(১৩টি ফাইল এর নাম সংযুক্ত)


০৩। উল্লেখ্য উপরোক্ত পত্রসমূহের মাধ্যমে আঞ্চলিক কার্যালয়সমূহকে পুনঃ পুনঃ অনুরোধ করা সত্ত্বেও এখনও অনেক আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় পরিচালনা পর্ষদের ৭৪০তম সভায় মানিলভারিং ও সন্ধানী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হয়েছে যা অত্যন্ত দুঃখজনক ও অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, আগামী ২৭/০২/২০২০ ইং তারিখে অনুষ্ঠিতব্য পরিচালনা পর্ষদের সভায় উল্লেখিত বিষয়সমূহ যথাযথভাবে পরিপালনের ব্যর্থতার কারণে ব্যাংক কর্তৃপক্ষকে যাতে কোন ধরনের বিড়ম্বনার সম্মুখীন হতে না হয় সে জন্য যে সব আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় এখন পর্যন্ত প্রত্যয়ন পত্র প্রেরণ করেননি সে সব আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় কে (ক) মানিলভারিং ও সন্ধানী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক শাখা/ কার্যালয়ে- ১) শাখায় ২য় কর্মকর্তা /BAMLCO দেয় টেবিলে BAMLCO এর নামফলক, ২) AML/CFT বিষয় সংক্রান্ত ১৩(তের) টি নথি সংক্রান্ত আছে কিনা সে বিষয়ে অঞ্চলাধীন শাখাসমূহ হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতঃ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক একটি প্রত্যয়ন পত্র আগামী ২৪-০২-২০২০ এর মধ্যে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা গেল।

০৪। উল্লেখ্য এ বিষয়ে পরিচালনা পর্ষদের সভায় কোন ধরনের জটিলতার সৃষ্টি হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়সমূহকে বহন করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে কোন অতিরিক্ত তথ্য জানার প্রয়োজনে সরাসরি ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) জনাব মোঃ আকতার হোসেন (মোবাইল নং-০১৮১৭০৭১৪৮৭) এবং উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব জাম্মাতআরা ফেরদৌস (মোবাইল নং-০১৭২১৩২৯৪৪৬)-এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা গেল।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,


(মোঃ আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/আরএমডি-৩০/বোর্ড/২০১৯-২০২০/২১৯০ (১২৫০)

তারিখঃ ১৯-০২-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ষ্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। মহাব্যবস্থাপক (অধ্যক্ষ), ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। নথি/মহানথি।